

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং- ৩৩.০২.০০০০.১১৭.৩৭.০০৩.১৬. ৫৪০(৩৫)

তারিখ: ২২/০৮/২০১৬ খ্রি:।

১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,

বিষয়: ২০১৬-২০১৭ আর্থিক সালে অনুময়ন “৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

চলতি ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার পত্র নং-৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৬-১৯৪, তারিখঃ ০১/০৮/২০১৬ (মঞ্জুরী নং-৩৯) মোতাবেক অনুময়ন “৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে বরাদ্দকৃত অর্থ হতে অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দপ্তরের অনুকূলে ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য,

১. বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-মপ্রাম/ম-৩(পোনা অবমুক্তি)-০৫/২০১০/২১৪ তারিখ: ১২/০২/২০১৩ খ্রি: অনুযায়ী জারীকৃত পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অনুমোদিত নির্দেশাবলী-২০১২ মোতাবেক কার্যক্রম গ্রহণসহ পিপিআর, ২০০৮ অনুসরণে পোনামাছের ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. স্থানীয় আসনের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত মাননীয় মহিলা সংসদ সদস্য, জনপ্রতিনিধি এবং পোনা অবমুক্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ অবমুক্তি করতে হবে। পোনা অবমুক্তি কার্যক্রমের স্থির চিত্র ধারণপূর্বক সংরক্ষণ করতে হবে।
৪. বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের পর পোনামাছ অবমুক্তির বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক খরচের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে সচিত্র প্রতিবেদনসহ প্রেরণ করতে হবে।
৫. ব্যক্তি মালিকানাধীন কোন জলমহাল/জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা যাবে না।
৬. উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল জলমহাল/জলাশয়ে ইতোমধ্যে পোনামাছ অবমুক্ত করা হয়েছে কিংবা চলতি অর্থ বছর পোনামাছ অবমুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে এমন জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা যাবে না।
৭. পোনামাছ অবমুক্তির জন্য নির্বাচিত জলাশয়ে মাছের সম্ভাব্য মজুদ/উৎপাদন এ তথ্য সংরক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে পোনামাছ অবমুক্তির পর সংশ্লিষ্ট জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির পরিমাণ নিরূপণ করা যায়।
৮. রুই, কাতল, মৃগেল, কালিবাউস ও ঘনিয়া মাছের পোনা অবমুক্ত করতে হবে। ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই, কাতল, মৃগেল, কালিবাউস, ঘনিয়ার সুস্থ-সবল পোনা অবমুক্ত করতে হবে।
৯. পোনা ওজনে (কেজিতে) ক্রয় করতে হবে।
১০. দরপত্রে পোনা ক্রয়ের জন্য কেজি প্রতি দর উল্লেখ করতে হবে।
১১. পোনামাছ অবমুক্তি যথাযথ সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।
১২. অব্যয়িত অর্থ ১০ই সেপ্টেম্বর-২০১৬ খ্রি: তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

ক্র: নং	উত্তোলন ও বন্টনকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা	বরাদ্দের পরিমাণ	মন্তব্য
১.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ	৫০০০০.০০	মাননীয় মহিলা সংসদ সদস্যের সাথে আলোচনা ক্রমে বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্তির ব্যয় নির্বাহের জন্য
২.	উপজেলা মৎস্য কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ	৫০০০০.০০	
৩.	উপজেলা মৎস্য কর্মকর্তা, ভাংগা, ফরিদপুর	৫০০০০.০০	
৪.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর সদর, শরীয়তপুর	৫০০০০.০০	
৫.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ	৫০০০০.০০	
৬.	উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা	৫০০০০.০০	
৭.	উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী	৫০০০০.০০	
৮.	উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল	৫০০০০.০০	
৯.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সাভার, ঢাকা	৫০০০০.০০	
১০.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা	৫০০০০.০০	
১১.	উপজেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	৫০০০০.০০	
	মোট=	৫৫০০০০.০০	

কথায়: পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র।

(সৈয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ dg@fisheries.gov.bd